

**2021/TDC/CBCS/ODD/
BNGLAN-301T/366**

**TDC (CBCS) Odd Semester Exam., 2021
held in March, 2022**

BENGALI

(3rd Semester)

Course No. : BNGLAN-301T

(কলা ও বাণিজ্য)

(ভাষাতত্ত্ব ও উনিশ শতকের বাংলা সাহিত্য)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাঠ্যসূচী সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো কুড়িটা) : $1 \times 20 = 20$

- ১। গ্রীক উৎসমূলের একটি তত্ত্ব শব্দের উদাহরণ দাও।
- ২। একটি অসিদ্ধ তৎসম শব্দের উদাহরণ দাও।
- ৩। 'দাম' শব্দের উৎস ভাষা কোনটি?
- ৪। বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত একটি দেশী শব্দের উদাহরণ দাও।
- ৫। 'কৃষ্ণ' শব্দটি তৎসম না অর্ধতৎসম?

- ৬। অর্থ সংকোচের একটি উদাহরণ দাও।
- ৭। গঙ্গা > গাঙ— অর্থ পরিবর্তনের কোন্ ধারায় হয়েছে?
- ৮। অর্থ বিস্তারের একটি উদাহরণ দাও।
- ৯। সংস্কারগত কারণে শব্দের অর্থ পরিবর্তনের একটি উদাহরণ দাও।
- ১০। শব্দার্থ পরিবর্তনের একটি ধারার নাম লেখো।
- ১১। 'বান্দীকি' না 'বান্দিকি'— কোনটি শুদ্ধ?
- ১২। সাধুভাষার দুইটি বৈশিষ্ট্য উল্লেখ করো।
- ১৩। সর্বনাম ও ক্রিয়াপদের ক্ষেত্রে সাধু-চলিতের একটি পার্থক্য উল্লেখ করো।
- ১৪। আভিধানিক শব্দের প্রয়োগ বেশি হয় কোন্ গদ্যরীতিতে?
- ১৫। অশুদ্ধি সংশোধন করো : বন্দপাধ্যায়।
- ১৬। 'একা' প্রবন্ধটি 'কমলাকান্তের দপ্তর'-এর কত সংখ্যক রচনা?
- ১৭। কমলাকান্তকে কে দুধ সরবরাহ করতো?
- ১৮। 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে?
- ১৯। কমলাকান্ত কার আশ্রয়ে বাস করতেন?
- ২০। 'বসন্তের কোকিল' বলতে কোন্ সময়ের পাখির কথা বলা হয়েছে?
- ২১। শূন্যস্থান পূর্ণ করো :
"ধূলায় ধূসর রক্ষ উড়ীন _____ জটাঙ্গাল,"
- ২২। 'বর্ষশেষ' কবিতাটি কত বঙ্গাব্দে রচিত?

- ২৩। 'দুঃসময়' কবিতাটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?
- ২৪। 'স্বপ্ন' কবিতায় কবি-প্রিয়ার নাম কী?
- ২৫। "আছে শুধু পাখা, আছে মহানভ-অঙ্গন" কোন্ কবিতার অন্তর্গত?

SECTION—B

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো পাঁচটা) : $2 \times 5 = 10$

- ২৬। বাংলা শব্দভাণ্ডারকে কয়টি শ্রেণিতে ভাগ করা হয়েছে ও কী কী?
- ২৭। 'সিদ্ধ তৎসম' শব্দের সংজ্ঞা দাও।
- ২৮। অর্থ সংকোচ বলতে কী বোঝ?
- ২৯। 'সন্দেহ' শব্দের মূল অর্থ কী ছিল? অর্থ পরিবর্তনের ফলে এর অর্থ কী হয়?
- ৩০। 'গুরুচণ্ডালী দোষ' কাকে বলে?
- ৩১। সমাপিকা ও অসমাপিকা ক্রিয়ার ক্ষেত্রে সাধুভাষা ও চলিতভাষার পার্থক্য উল্লেখ করো।
- ৩২। 'কমলাকান্তের দপ্তর'-এর প্রবন্ধ সংখ্যা কত? গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?
- ৩৩। 'বড় বাজার' প্রবন্ধটিতে মোট কয়টি বাজারের উল্লেখ রয়েছে? লেখক প্রথম কোন্ বাজারে গিয়েছিলেন?
- ৩৪। " 'বর্ষশেষ' কবিতায় কবি কালবৈশাখী ঝড়কে 'সদ্যোজাত মহাবীর' বলিয়াছেন।" এই সন্মোচনের তাৎপর্য কী?
- ৩৫। রবীন্দ্রনাথের যে কোনো দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

SECTION—C

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো পাঁচটা) :

৮×৫=৪০

৩৬। বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত মৌলিক শব্দের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩৭। উদাহরণসহ আগন্তুক শব্দগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩৮। শব্দার্থ পরিবর্তনের কারণগুলি আলোচনা করো।

৩৯। উদাহরণসহ শব্দার্থ পরিবর্তনের তিনটি ধারার পরিচয় দাও।

৪০। চলিতভাষা কাকে বলে? চলিতভাষার পাঁচটি বৈশিষ্ট্য লেখো।

৪১। পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি গৃহীত বাংলা বানানরীতির আটটি বৈশিষ্ট্য উদাহরণসহ লেখো।

৪২। 'বসন্তের কোকিল' প্রবন্ধে অবলম্বনে বঙ্কিমচন্দ্রের সমাজ-ভাবনার পরিচয় দাও।

৪৩। 'মনুষ্যফল' প্রবন্ধে সমাজের কিছু সংখ্যক মানুষের স্বভাব-বৈশিষ্ট্য ব্যঙ্গের মোড়কে পরিবেশন করা হয়েছে। বিষয়টি আলোচনা করো।

৪৪। 'দুঃসময়' কবিতার ভাববস্তু নিজের ভাষায় লেখো।

৪৫। 'স্বপ্ন' কবিতায় বর্ণিত কবির মানস-অভিসারের সংক্ষিপ্ত পরিচয় দাও।
